

PRINT

# সমকালৈ

কোটা বাতিলের প্রজ্ঞাপন দাবি

## সারাদেশে কলেজ বিশ্ববিদ্যালয়ে আজ মানববন্ধন

১১ ঘণ্টা আগে

### বিশ্ববিদ্যালয় সংবাদদাতা



প্রধানমন্ত্রী শেখ হাসিনার কোটা বাতিলের ঘোষণার প্রায় ১ মাস পরও তা প্রজ্ঞাপন আকারে প্রকাশ না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন আন্দোলনকারীরা। দ্রুত প্রজ্ঞাপন জারির দাবিতে আজ বৃহবার দেশের সব কলেজ-বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে 'বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ'।

গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন আন্দোলনকারীদের যুগ্ম আহ্বায়ক নুরুল হক নুর। কেন্দ্রীয়ভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্য থেকে জাতীয়

জাদুঘর পর্যন্ত মানববন্ধন কর্মসূচি পালন করা হবে বলে জানানো হয়।

সংবাদ সম্মেলনে নুরুল হক নুর বলেন, 'আমরা গত ১৭ ফেব্রুয়ারি থেকে কোটা সংস্কারের দাবিতে আন্দোলন করে আসছি। এরই পরিপ্রেক্ষিতে গত ৯ এপ্রিল সড়ক পরিবহন ও সেতুমন্ত্রীর সঙ্গে বৈঠক করে ৭ মে পর্যন্ত আন্দোলন স্থগিত করি। কিন্তু সরকারের উচ্চ পর্যায়ের ব্যক্তিদের ও কয়েকজন মন্ত্রীর বক্তব্যের পরিপ্রেক্ষিতে ছাত্র সমাজ আবার ফুঁসে ওঠে। তারপর মাননীয় প্রধানমন্ত্রী কোটা বাতিলের ঐতিহাসিক ঘোষণা দিলে ছাত্র সমাজ প্রজ্ঞাপন জারির জন্য অপেক্ষা করে। কিন্তু প্রধানমন্ত্রীর বক্তব্যের ২৭ দিন পার হলেও এখনও প্রজ্ঞাপন জারি হয়নি।'

তিনি বলেন, 'আমরা প্রধানমন্ত্রীর বক্তব্যে শুন্ধাশীল। আমরা ধৈর্যের পরিচয় দিয়ে প্রজ্ঞাপনের জন্য অপেক্ষা করেছি। কিন্তু এ জন্য আবার রাজপথে নামতে বাধ্য করবেন না। আমরা আশা করছি আগামী দুই-একদিনের মধ্যে প্রজ্ঞাপন পাব।'

যুগ্ম আহ্বায়ক রাশেদ খান বলেন, 'আমরা বলে দিতে চাই ছাত্র সমাজ কোনো চক্রান্ত মেনে নেবে না। আমি মাননীয় প্রধানমন্ত্রীকে বলব, আপনি অতি দ্রুত প্রজ্ঞাপন জারি করে ছাত্র সমাজকে শান্ত করুন। নতুবা তারা আবার রাজপথে নেমে আসবে।'

তিনি বলেন, আমাদের আন্দোলন সম্পূর্ণ শান্তিপূর্ণ ও অহিংস। সামনে যে আন্দোলন চলবে সেটিও শান্তিপূর্ণ হবে। আমরা বঙ্গবন্ধুর অহিংস আন্দোলনের চেতনায় বিশ্বাসী।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন আন্দোলনকারীদের যুগ্ম আহ্বায়ক ফারুক হাসান, মাহফুজ খানসহ কয়েকশ' শিক্ষার্থী।

---

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)